

🗏 নূহ | Nuh | وُوح

আয়াতঃ ৭১:১৩

💵 আরবি মূল আয়াত:

مَا لَكُم لَا تَرجُونَ لِللهِ وَقَارًا ﴿١٣﴾

🗚 অনুবাদসমূহ:

'তোমাদের কী হল, তোমরা আল্লাহর শ্রেষ্ঠত্বের পরোয়া করছ না'? — আল-বায়ান 'তোমাদের হল কী যে, তোমরা আল্লাহর শ্রেষ্ঠত্ব মেনে নিতে অস্বীকার করছ? — তাইসিরুল তোমাদের কি হয়েছে যে, তোমরা আল্লাহর শ্রেষ্ঠত্ব স্বীকার করতে চাচ্ছনা? — মুজিবুর রহমান

What is [the matter] with you that you do not attribute to Allah [due] grandeur — Sahih International

- ১৩. তোমাদের কী হল যে, তোমরা আল্লাহর শ্রেষ্ঠত্বের পরওয়া করছ না!(১)
 - (১) অর্থাৎ তোমরা আল্লাহর মর্যাদা ও সম্মানে পরোয়া করছি না, তবুও তাকে তোমরা এতটুকু ভয়ও করো না যে, এ জন্য তিনি তোমাদের শাস্তি দিবেন। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

- (১৩) তোমাদের কি হয়েছে যে, তোমরা আল্লাহর প্রভাব-প্রতিপত্তিকে ভয় কর না? [1]
 - [1] توقیر থেকে গঠিত। অর্থ হল শ্রেষ্ঠত্ব, বড়ত্ব, প্রতিপত্তি। আর رجاء এর অর্থ এখানে خوف (ভয়)। অর্থাৎ, যেভাবে তাঁর বড়ত্বের দাবী তোমরা সেভাবে তাঁকে ভয় করো না কেন? এবং তাঁকে এক মনে করে তাঁর আনুগত্য কর না কেন?

তাফসীরে আহসানূল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5432

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন